
# তারেক রহমানের সঙ্গে দ্রুতই সাক্ষাতের প্রত্যাশা ট্রাম্পের



ছবি: সংগৃহীত

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে শিগগিরই সরাসরি সাক্ষাতের আশা প্রকাশ করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

সোমবার (৩১ আগস্ট) প্রধানমন্ত্রী তারেক রহমানকে পাঠানো এক চিঠিতে তিনি এ প্রত্যাশার কথা জানান। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনের বরাত দিয়ে রাষ্ট্রায়ত্ত সংবাদ সংস্থা বাসস এ তথ্য জানিয়েছে।



THE WHITE HOUSE
WASHINGTON

August 31, 2026

His Excellency
Tarique Rahman
Prime Minister of the
People's Republic of Bangladesh
Dhaka

Dear Mr. Prime Minister:

I just received your letter concerning the purchase of Boeing Aircraft, and very much appreciate your decision of purchase. Boeing will not let you down, and I will not forget. Thank you very much for your attention to this matter, and I look forward to meeting you in the not too distant future.

Please give my warmest regards and love to the people of Bangladesh. They have been through much but, under your leadership, I feel certain that they, and your Country itself, will have a very bright future!

With best wishes, I am,

Sincerely,

DONALD J. TRUMP
PRESIDENT OF THE UNITED STATES OF AMERICA

LENS ASIA

চিঠিতে ট্রাম্প বলেন, নানা প্রতিকূলতার মধ্য দিয়ে বাংলাদেশ এগোলেও তারেক রহমানের নেতৃত্বে দেশ ও দেশের জনগণের সামনে একটি উজ্জ্বল ভবিষ্যৎ রয়েছে বলে তিনি দৃঢ়ভাবে বিশ্বাস করেন।

বাংলাদেশের জনগণের প্রতি নিজের আন্তরিক শুভেচ্ছা ও ভালোবাসার কথাও চিঠিতে উল্লেখ করেছেন মার্কিন প্রেসিডেন্ট।

যুক্তরাষ্ট্র থেকে বোয়িং উড়োজাহাজ কেনার সিদ্ধান্ত নেওয়ায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান ট্রাম্প। তিনি আশ্বস্ত করে বলেন, বোয়িং বাংলাদেশকে হতাশ করবে না।

এ ছাড়া বোয়িং উড়োজাহাজ কেনার বিষয়ে প্রধানমন্ত্রীর ব্যক্তিগত মনোযোগের কথা তিনি সবসময় মনে রাখবেন বলেও চিঠিতে উল্লেখ করেছেন মার্কিন প্রেসিডেন্ট।